

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
Government of the People's Republic of Bangladesh



বাংলাদেশ কপিরাইট অফিস  
Bangladesh Copyright Office

স্মারক নং- ৪৬.২৯.০০.০০০০.০০১.০৬.১৬১.১৬/২০০ তারিখঃ ৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ পুরোনো ক্যাসেট, সিডি, ভিসিডিতে প্রকাশিত ও সম্প্রচারিত গানের রয়্যালিটির বিভাজন।

পুরোনো ক্যাসেট, সিডি, ভিসিডিতে প্রকাশিত ও সম্প্রচারিত গানের রয়্যালিটির বিভাজন সংক্রান্ত দীর্ঘদিনের জটিলতা নিরসনের উদ্দেশ্যে বাংলাদেশ কপিরাইট বোর্ডের ২২ মার্চ ২০২১ তারিখের সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“ যে সকল পুরোনো গান পূর্বে কেবল সিডি/ভিসিডি ও ক্যাসেট নির্মাণের উদ্দেশ্যে তৈরি করা হয়েছিল এবং সংশ্লিষ্ট লেবেল কোম্পানীকে নতুন করে অর্থ বিনিয়োগ কিংবা গীতিকার, সুরকার বা কণ্ঠশিল্পীকে পুনরায় কোন মেধা বা শ্রম বিনিয়োগ করতে হয়নি, এরূপ পুরোনো গানের ক্ষেত্রে গীতিকার, সুরকার, কণ্ঠশিল্পী এবং লেবেল কোম্পানী প্রত্যেক পক্ষ ২৫% হারে রয়্যালিটি পাবেন মর্মে বোর্ড সভার সকল সদস্য কর্তৃক একমত প্রকাশ করা হয়”।

বর্ণিত অবস্থায়, কেবল ক্যাসেট, সিডি, ভিসিডি নির্মাণের উদ্দেশ্যে তৈরিকৃত এবং প্রকাশিত ও সম্প্রচারিত পুরোনো গানসমূহের ডিজিটাল প্ল্যাটফর্ম বা অন্য কোন উপায়ে সম্প্রচার বা পরিবেশনের মাধ্যমে অর্জিত রয়্যালিটি বিভাজনের ক্ষেত্রে উল্লিখিত হার অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকল পক্ষকে অনুরোধ জানানো হলো।

(জাফর রাজা চৌধুরী)  
রেজিস্ট্রার অফ কপিরাইটস

সদস্য সচিব

বাংলাদেশ কপিরাইট বোর্ড  
ফোন : ৯১১৯৬৩২ (অফিস)

ই-মেইল: [registrar@copyrightoffice.gov.bd](mailto:registrar@copyrightoffice.gov.bd)